সভা নং -১

# উপজেলা কৃষি প্রনোদনা রবি/২০২৫-২৬ মৌসুমের কমিটির সভার রেজুলেশন

সভাপতিঃ এস.এম. আল-আমীন
উপজেলা নির্বাহী অফিসার
ও
উপজেলা কৃষি পূনর্বাসন ও বাস্তবায়ন কমিটি
পিরোজপুর সদর, পিরোজপুর।

স্থানঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পিরোজপুর সদর , পিরোজপুর ।
তারিখঃ ০৬/১১/২০২৫ খ্রিঃ
সময়ঃ সকাল - ১১.৩০ ঘটিকা
উপস্থিতি ঃ
১-৬
আলোচ্য বিষয়ঃ
১। রবি/২০২৫-২৬ বোরো উফশী এবং হাইব্রিড বোরো উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রনোদনা কর্মসূচির বাস্তবায়নের নীতিমালা ।
২। ইউনিয়ন ওয়ারী লক্ষ্যমাত্রা ও অগ্রাধিকার তালিকা তৈরী ।
৩। বীজ , সার ক্রয় ও পরিবহন ।
৪। বিবিধ আলোচনা ।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন ।
সভার প্রারম্ভে সভায় জনাব মোঃ শওকত হোসেন, উপজেলা কৃষি অফিসার, পিরোজপুর সদর, পিরোজপুর ও সদস্য সচিব উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি জানান যে, রবি/২০২৫-২৬ মৌসুমে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের উফশী বোরো ও হাইব্রিড বোরো চাষের জন্য বিনামূল্যে বীজ ব্যবহার সম্পর্কিত নীতিমালা জেলা কৃষি পূনর্বাসন কমিটির ১৯.১০.২০২৫ এবং ০৫/১১/২৫ তারিখের সভার কার্য বিবরনী পাঠ করে শুনান এবং কর্মসূচি বাস্তবায়ন সম্পর্কে বিভিন্ন দিক নির্দেশনামূলক আলোচনা করেন ।
সভায় কর্মসূচি বাস্তবায়নের বিষয় বিস্তারিত আলোচনা পূর্বক নিম্ন লিখিত সিদ্ধান্ত গ্রহীত হয় ।

১। <u>ইউনিয়ন ওয়ারী বিভাজন ও অগ্রাধিকার তালিকা তৈরী ঃ</u>
সভায় সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার জনাব মোঃ শওকত হোসেন জানান যে, পিরোজপুর সদর উপজেলায় ২২০ জন চাষীর উফশী বোরো এবং ৯০০ জন হাইব্রিড বোরো চাষে ক্ষুদ্র ও প্রান্তিক চাষী কৃষি পূনর্বাসনের (প্রনোদনা) জন্য বরাদ্দ পাওয়া গিয়াছে । উফশী বোরো আবাদ এবং হাইব্রিড বোরো আবাদের সম্ভাবনার নিরিখে বিবেচনা পূর্বক ইউনিয়ন ওয়ারী নিম্নরুপ বিভাজন সভায় উপস্থাপন করা হয় ।

ইউনিয়ন ওয়ারী বিভাজন

| ক্রঃ নং | ইউনিয়ন/পৌরসভার নাম | কৃষক সংখ্যা (জন) | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | বোরো উফশী | হাইব্রিড বোরো | মোট | |
| ১ | শিকদারমল্লিক | ৩৫ | ২০০ | ২৩৫ | ৫(পাঁচ) জনের প্রতি গ্রুপের প্রতি জন কৃষক ৫ কেজি উফশী বোরো ধানের বীজ ১০ কেজি ডিএপি, ১০ কেজি এমওপি সার প্রদান করা হবে । হাইব্রিড বোরো চাষে সুধু ২ কেজি বীজ সহায়তা পাবে । |
| ২ | কদমতলা | ৪০ | ১৭০ | ২১০ | |
| ৩ | দূর্গাপুর | ৪৫ | ১৪০ | ১৮৫ | |
| ৪ | কলাখালী | ২৫ | ১১০ | ১২৫ | |
| ৫ | টোনা | ২০ | ২০ | ৪০ | |
| ৬ | শারিকতলা | ১৫ | ৪০ | ৫৫ | |
| ৭ | শংকরপাশা | ১৫ | ৩০ | ৫৫ | |
| ৮ | পৌরসভা | ২৫ | ১৯০ | ২১৫ | |
| | সর্বমোট | ২২০ | ৯০০ | ১১২০ | |

উপ-সহকারী কৃষি কর্মকর্তাবৃন্দ ইউনিয়ন ওয়ারী বিভাজন মোতাবেক সংশ্লিষ্ট ইউনিয়নে যাচাই বাছাই পূর্বক প্রনোদনা পাওয়ার যোগ্য কৃষকের তালিকা প্রস্তুত করবেন। এ কাজে তারা সংশ্লিস্ট ইউনিয়নের জনপ্রতিনিধিগনের সাহায্য নিতে পারবেন ।
সিদ্ধান্তঃ সংশ্লিস্ট ইউনিয়নের উপ-সহকারী কৃষি কর্মকর্তা অগামী ২৫/১১/২৫ খ্রিঃ তারিখের মধ্যে উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিবের নিকট দাখিল করিবেন ।
বাস্তবায়নে ঃ উপজেলা কৃষি পূনর্বাসন ও বাস্তবায়ন কমিটি, পিরোজপুর সদর, পিরোজপুর ।

২। <u>উফশী বোরো ও হাইব্রিড বোরো উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষি পূনর্বাসন বাস্তবায়ন নীতিমালা ঃ</u>
সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার জনাব মোঃ শওকত হোসেন উপজেলা কৃষি পূনর্বাসন ও বাস্তবায়ন নীতিমালার বিভিন্ন দিক তুলে ধরেন । নীতিমালা অনুযায়ী উপজেলায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে প্রতি জন কৃষককে উফশী বোরো চাষের জন্য ৫ কেজি উফশী বোরো বীজ ১০ কেজি ডিএপি সার, ১০ কেজি এমওপি সার বিতরণ করা হবে এবং হাইব্রিড বোরো চাষে প্রতিজন কৃষককে ২ কেজি হাইব্রিড বোরো বীজ বিতরণ করা হবে । প্রতিজন কৃষককে স্ট্যাম্প সাইজের ১ কপি ছবি, এনআইডি কার্ডের ফটোকপি ও কৃষি উপকরণ কার্ড অবশ্যই সাথে আনতে হবে ।
সিদ্ধান্তঃ কৃষি পূনর্বাসন ও বাস্তবায়নের নীতিমালা অনুযায়ী কর্মসূচি বাস্তবায়ন করা হবে ।
বাস্তবায়নে ঃ উপজেলা কৃষি পূনর্বাসন ও বাস্তবায়ন কমিটি, পিরোজপুর সদর, পিরোজপুর।

CamScanner

৩। <u>বীজ ও সার ক্রয়</u> ঃ সভায় উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব জানান যে , প্রয়োজনীয় বীজ বিএডিসি (বীজ) বরিশাল থেকে সরবরাহ পাওয়া যাবে । কোনক্রমে যদি প্রয়োজনীয় বীজ বিএডিসি (বীজ) থেকে সরবরাহ না পাওয়া যায় সে ক্ষেত্রে স্থানীয় বীজ ডিলার/ আমদানীকারক প্রতিষ্ঠান থেকে হাইব্রিড বোরো বীজ মোটা, মাজারী ও চিকন বীজ ক্রয় করা যাবে । সে ক্ষেতে উফশী বীজ ও হাইব্রিড বীজ ক্রয়ের জন্য কোটেশন কমিটি করা যেতে পারে বিধায় কোটেশন যাচাইয়ের জন্য নিম্নরুপ যাচাই কমিটির প্রস্তাব করা হলো ।

**দরপত্র / কোটেশন যাচাই কমিটি ঃ**

১। উপজেলা কৃষি অফিসার- আহবায়ক
২। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার- সদস্য
৩। উপজেলা প্রানী সম্পদ অফিসার- সদস্য ।

সিদ্ধান্তঃ যেহেতু বীজ বিএডিসি (বীজ) বরিশাল থেকে সরবরাহ পাওয়া যাবে ।
বাস্তবায়নে ঃ উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি, পিরোজপুর সদর,পিরোজপুর ।

৪। <u>বীজ ও সার পরিবহণ</u> ঃ

সভায় সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার জনাব মোঃ শওকত হোসেন জানান যে, কৃষি পুনর্বাসন কর্মসূচির আওতায় নির্ধারিত বীজ বিএডিসি (বীজ) বরিশাল হতে সরকারি মূল্যে ক্রয় করা হবে বিধায় সেখান থেকে বীজ পরিবহনের প্রয়োজন হবে সে ক্ষেত্রে পরিবহনে জন্য গাড়ী ভাড়া/ পরিবহন করা প্রয়োজন হতে পারে বিধায় কোটেশন যাচাইয়ের জন্য নিম্নরুপ যাচাই কমিটির প্রস্তাব করা হলো ।

**দরপত্র / কোটেশন যাচাই কমিটি ঃ**

১। উপজেলা কৃষি অফিসার- আহবায়ক
২। উপজেলা উপজেলা পল্লী উন্নয়ন অফিসার- সদস্য
৩। উপজেলা প্রানী সম্পদ অফিসার- সদস্য ।

সিদ্ধান্তঃ যেহেতু বীজ পরিবহনের জন্য অন্য কোন ব্যবস্থা নাই বিধায় জরুরী ভিত্তিতে কোটেশন করে বীজ বরিশাল থেকে আনা প্রয়োজন । উক্ত কমিটিকে সর্বসম্মতিভাবে অনুমোদন প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয় ।
বাস্তবায়নে ঃ উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি ।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন ।

০৬.১১.২৫
(এস.এম. আল-আমীন)
উপজেলা নির্বাহী অফিসার (অঃদাঃ)
ও
সভাপতি
উপজেলা কৃষি পূনর্বাসন ও বাস্তবায়ন কমিটি
পিরোজপুর সদর, পিরোজপুর।

স্মারক নং -১২.১৮.৭৯৮০.০৪০.২৫.০২৩.১৫/ ৪২৭(১৫)

তারিখঃ ০৬.১১.২০২৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য ঃ

১। জেলা প্রশাসক,পিরোজপুর ।
২। উপপরিচালক, কৃষি সম্প্রসারন অধিদপ্তর,পিরোজপুর ।
৩। উপজেলা---------------------- অফিসার, পিরোজপুর সদর, পিরোজপুর ।
৪। জনাব.......................................................... ।
৫। অফিস কপি ।

০৬.১১.২৫
(মোঃ শওকত হোসেন)
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি পূনর্বাসন ও বাস্তবায়ন কমিটি
পিরোজপুর সদর, পিরোজপুর।

CS CamScanner

## উপজেলা কৃষি প্রনোদনা রবি /২০২৫-২৬ মৌসূমের কমিটির সভার রেজুলেশন

সভাপতিঃ এস,এম, আল আমীন
উপজেলা নির্বাহী অফিসার(ভাঃপ্রাঃ)
পিরোজপুর সদর,পিরোজপুর ।

স্থানঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পিরোজপুর সদর , পিরোজপুর ।
তারিখঃ ০৬/১০/২০২৫ খ্রিঃ
সময়ঃ বেলা ১২.০০ ঘটিকা

উপস্থিতি ঃ পরিশিষ্ট" ক "
আলোচ্য বিষয়ঃ
১। রবি মৌসূমে রবি ফসল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষি পূনর্বাসন কর্মসূচির বাস্তবায়নের নীতিমালা অনুযায়ী লক্ষ্যমাত্রা ও অগ্রাধিকার তালিকা প্রনয়ন ।
২। রাসায়নিক সার, বীজ ক্রয় ও পরিবহন ।
৩। বিবিধ আলোচনা ।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন ।

সভার প্রারম্ভে সভায় জনাব মোঃ শওকত হোসেন , উপজেলা কৃষি অফিসার , পিরোজপুর সদর , পিরোজপুর ও সদস্য সচিব উপজেলা কৃষি পূনর্বাসন ও বাস্তবায়ন কমিটি জানান যে, রবি/২০২৫-২৬ মৌসুমে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের গম,সরিষা, সূর্যমূখী(ওপি)সূর্যমূখী (হাইব্রিড), চিনাবাদাম, সয়াবিন, মুগ, মুসুর, খেসারী, চাষের জন্য বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার এবং ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের রবি/২০২৫-২৬ নীতিমালা জেলা কৃষি পূনর্বাসন কমিটির ২১/০৯/২৫ তারিখের সভার কার্য বিবরণী পাঠ করে শুনান এবং কর্মসূচি বাস্তবায়ন সম্পর্কে বিভিন্ন দিক নির্দেশনামূলক আলোচনা করেন ।

**সভায় কর্মসূচি বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা পূর্বক নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয় ।**

১। <u>ইউনিয়ন ওয়ারী বিভাজন ও অগ্রাধিকার তালিকা তৈরী ঃ</u>

সভায় সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার জনাব মোঃ শওকত হোসেন জানান যে, জেলা কৃষি পূনর্বাসন কমিটির ২১/০৯/২৫ খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক ১৪০৫ জন কৃষক,কৃষানীদের রবি/২০২৫-২৬ সনের প্রনোদনার বরাদ্দ পাওয়া গিয়াছে , সে মোতাবেক পিরোজপুর সদর উপজেলায় গম চাষে ২৫, সরিষা ২০০ জন, সূর্যমূখী (ওপি)৫০ জন, সূর্যমূখী(হাইব্রিড)৫২০ জন, , চিনাবাদাম ২০, সয়াবিন ৩০ জন,এবং মূগ চাষে ৩২০ জন মূসুর চাষে ৪০ জন খেসারী চাষে ২০০ জন মোট ১৪০৫ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষককে কৃষি প্রনোদনার জন্য বরাদ্দ পাওয়া গিয়াছে । বিগত বছরের আবাদ এবং আবাদের সম্ভাবনার নিরিখে ইউনিয়ন ওয়ারী প্রনোদনা কর্মসূচির নিম্নরূপ বিভাজন উপস্থাপন করা হয় ।

| ক্রঃ নং | ইউনিয়ন/ পৌরসভার নাম | ফসলের নাম ও কৃষক সংখ্যা (জন) | | | | | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | গম | সরিষা | সূর্যমূখী (ওপি) | সূর্যমূখী (হাইব্রিড) | চিনা বাদাম | সয়াবিন | মুগ | মুসুর | খেসারী | মোট | |
| ১ | শিকদারমল্লিক | ১০ | ৫০ | ১০ | ১০০ | ৫ | ০ | ৪০ | ৫ | ২৫ | ২৪৫ | (পাঁচ জনের গ্রুপে)প্রতি জনে ২০ কেজি গম বীজ ১০ কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার, ১ কেজি সরিষা বীজ ১০ কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার, ১ কেজি সূর্যমূখী বীজ ১০ কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার, ১০ কেজি চিনাবাদাম বীজ, ১০ কেজি ডিএপি ও ৫ কেজি এমওপি সার, ৮ কেজি সয়াবিন বীজ, ১০ কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার , সার মুগ চাষে ৫ কেজি মুগ বীজ, ১০ কেজি ডিএপি ও ৫ কেজি এমওপি সার, ৫ কেজি মুসুর বীজ, ১০ কেজি ডিএপি ও ৫ কেজি এমওপি সার , ৮ কেজি খেসারী বীজ, ১০ কেজি ডিএপি ও ৫ কেজি এমওপি সার প্রদান করা হবে। |
| ২ | কদমতলা | ০ | ২০ | ১০ | ৭০ | ০ | ৫ | ৪০ | ৫ | ২০ | ১৭০ | |
| ৩ | দূর্গাপুর | ০ | ১৫ | ০ | ৪০ | ০ | ৫ | ৩০ | ৫ | ২০ | ১১৫ | |
| ৪ | কলাখালী | ৫ | ৩০ | ১০ | ৭০ | ০ | ৫ | ৪০ | ৫ | ২৫ | ১৯০ | |
| ৫ | টোনা | ০ | ২৫ | ০ | ৪০ | ০ | ৫ | ৪০ | ৫ | ৩০ | ১৪৫ | |
| ৬ | শারিকতলা | ৫ | ২০ | ০ | ৫০ | ৫ | ৫ | ৫০ | ৫ | ২৫ | ১৬৫ | |
| ৭ | শংকরপাশা | ০ | ২০ | ১০ | ৭০ | ৫ | ০ | ৪০ | ৫ | ২৫ | | |
| | পৌরসভা | ৫ | ২০ | ১০ | ৮০ | ৫ | ৫ | ৪০ | ৫ | ৩০ | ২০০ | |
| সর্বমোট | | ২৫ | ২০০ | ৫০ | ৫২০ | ২০ | ৩০ | ৩২০ | ৪০ | ২০০ | ১৪০৫ | |



CamScanner

উপসহকারী কৃষি কর্মকর্তাবৃন্দ ইউনিয়ন/ব্লক ওয়ারী বিভাজন মোতাবেক সংশ্লিষ্ট ইউনিয়নে/ব্লকের যাচাই বাছাই পূর্ব তালিকা প্রস্তুত করবেন ।
সিদ্ধান্তঃ সংশ্লিস্ট ইউনিয়নের উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ অগ্রাধিকার তালিকা অগামী ০৬/১১/২৫ তারিখের মধ্যে উপজেলা অফিসার ও সদস্য সচিবের নিকট দাখিল করিবেন ।

সভায় আর কোন আলোচ

বাস্তবায়নে ঃ উপজেলা কৃষি পূনর্বাসন ও বাস্তবায়ন কমিটি ।

২। <u>গম,সরিষা, সূর্যমূখী(ওপি),সূর্যমূখী(হাইব্রিড) চিনাবাদাম,সয়াবিন, মুগ,মুসুর,খেসারী, উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষি পুনর্বাসন বাস্তবায়ন নীতিমালা ঃ</u>
সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার জনাব মোঃ শওকত হোসেন কৃষি পূনর্বাসন বাস্তবায়ন নীতিমালার বিভিন্ন দিক তুলে ধরেন , নীতিমালা অনুযায়ী উপজেলায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে প্রতি জন কৃষককে গম চাষে ২৫ জন কৃষককে জন প্রতি ২০ কেজি গম বীজ ১০ কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার, সরিষা চাষের জন্য ২০০জন কৃষককে জন প্রতি ১ কেজি সরিষা বীজ ১০ কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার, সূর্যমুখী(ওপি) চাষে ৫০ জন কৃষককে জন প্রতি ১ কেজি সূর্যমূখী বীজ ১০ কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার, সূর্যমুখী(হাইব্রিড) চাষে ৫২০ জন কৃষককে জন প্রতি ১ কেজি সূর্যমুখী(হাইব্রিড) বীজ ১০ কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার, চিনাবাদাম চাষের জন্য ২০ জন কৃষককে জন প্রতি ১০ কেজি চিনাবাদাম বীজ, ১০ কেজি ডিএপি ও ৫ কেজি এমওপি সার, সয়াবিন চাষের জন্য ৩০ জন কৃষককে জন প্রতি ৮ কেজি সয়াবিন বীজ, ১০ কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার,মূগ চাষের জন্য ৩২০ জন কৃষককেজন প্রতি ৫ কেজি মুগ বীজ, ১০ কেজি ডিএপি ও ৫ কেজি এমওপি সার, মুসুর চাষের জন্য ৪০ জন কৃষককে জন প্রতি ৫ কেজি মসুর বীজ, ১০ কেজি ডিএপি ও ৫ কেজি এমওপি সার , খেসারী চাষের জন্য ২০০ জন কৃষককে জন প্রতি ৮ কেজি খেসারী বীজ, ১০ কেজি ডিএপি ও ৫ কেজি এমওপি সার বিতরন করা হবে । প্রতি ৫ জন কৃষকের ১টি গ্রুপ করা হবে এবং প্রতিজন <u>কৃষককে স্ট্যাম্প সাইজের ১ কপি ছবি,মোবাইল নম্বর,এনআইডি কার্ড/ কৃষি উপকরণ কার্ড অবশ্যই সাথে আনতে হবে ।</u>

সিদ্ধান্তঃ কৃষি পূনর্বাসন ও বাস্তবায়নের নীতিমালা অনুযায়ী কর্মসূচি বাস্তবায়ন করা হবে । ইউনিয়ন ওয়ারী প্রতিটি ফসলের জন্য ৫ জন কৃষকের গ্রুপ করা হবে।
বাস্তবায়নে ঃ উপজেলা কৃষি পূনর্বাসন ও বাস্তবায়ন কমিটি ।
৩। বীজ ও সার ক্রয় ঃ সভায় উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব জানান যে , প্রয়োজনীয় বীজ বিএডিসি (বীজ) বরিশাল থেকে সরবরাহ পাওয়া যাইবে এবং রাসায়নিক সার বিএডিসি (সার), এবং বাফার গুদাম থেকে সরকারি নির্ধারিত মূল্যে সরবরাহ পাওয়া যাবে তবে কোন বীজ বিশেষ কোন কারনে নির্ধারিত জাতে বীজ সরবরাহ না পাওয়া গেলে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর , খামারবাড়ী , ঢাকার মহোদয়ের অনুমোদন নিয়ে প্রতিষ্ঠিত প্রতিষ্ঠান নির্দিষ্ট মানসম্মত বীজ ক্রয় করতে হবে । আর্থিক বিধি মোতাবেক স্থানীয় আবহাওয়া উপযোগী এক বা একাধিক জাতের বীজ ক্রয় করিতে হবে সেক্ষেত্রে নিম্নরুপ যাচাই কমিটি ও ক্রয় কমিটির প্রস্তাব করা হলো।
দরপত্র / কোটেশন কমিটি
১। উপজেলা কৃষি অফিসার
২। উপজেলা প্রানিসম্পদ অফিসার
৩। উপলো মৎস্য অফিসার
বীজ বিএডিসি বীজ অফিস থেকে সরবরাহ না পাওয়া গেলে বীজ অঙ্কুরোদগম কমিটি গঠন করা যাইতে পারে ।
কমিটি নিম্নরুপঃ
১। উপজেলা কৃষি অফিসার - আহবায়ক
২। উপলো মৎস্য অফিসার -সদস্য
৩। উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসার - সদস্য
সিদ্ধান্ত ঃ রাসায়নিক সার বরিশাল বাফার গোডাউন ও বিএডিসি ( সার ) গোডাউন বরিশাল থেকে সরবরাহ পাওয়া যাইবে বিধায় সার পরীক্ষা কমিটি প্রয়োজন নাই ।
বাস্তবায়নে ঃ উপজেলা কৃষি পূনর্বাসন ও বাস্তবায়ন কমিটি ।
৪। বীজ ও রাসায়নিক সার পরিবহণ ঃ
সভায় সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার জনাব শিপন চন্দ্র ঘোষ জানান যে, কৃষি পুনর্বাসন কর্মসূচির রাসায়নিক সার বিএডিসি বাফার গোডাউন বরিশাল থেকে সরকার নির্ধারিত মূল্যে ক্রয় করার প্রয়োজন হবে এবং বীজ বিএডিসি (বীজ) বরিশাল হতে সরকারি মূল্যে ক্রয় করা হবে বিধায় সেখান থেকে বীজ ও রাসায়নিক সার পরিবহনের প্রয়োজন হবে সে ক্ষেত্রে পরিবহন ঠিকাদার নিয়োগ করা প্রয়োজন হতে পারে বিধায় কোটেশন যাচাইয়ের জন্য নিরুপ যাচাই কমিটির প্রস্তাব করা হলো ।
দরপত্র / কোটেশন যাচাই কমিটি ঃ
১। উপজেলা কৃষি অফিসার - আহবায়ক
২। উপজেলা প্রানি সম্পদ অফিসার - সদস্য ।
৩। উপলো মৎস্য অফিসার -সদস্য
সিদ্ধান্তঃ কোটেশনের নিমিত্ত জরুরী ভিত্তিতে বীজ, রাসায়নিক সার বরিশাল থেকে আনা যেতে পারে ।
বাস্তবায়নে ঃ উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব উপজেলা কৃষি পূনর্বাসন ও বাস্তবায়ন কমিটি ।
উলেখ্য যে, বিসিআইসি সার ডিলারের মাধ্যমে কোটেশন আহবায়ন করা যাইতে পারে ।



CamScanner

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

০৬.১০.২৫
(এস,এম, আল-আমীন)
উপজেলা নির্বাহী অফিসার (ভাঃপ্রাঃ)
ও
সভাপতি
উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি
পিরোজপুর সদর, পিরোজপুর।
তারিখ ঃ ০৬/১০/২০২৫খ্রিঃ

স্মারক নং- ১২.১৮.৭৯৮০.০৪১.৩৮.০৩০.১৩/ ৬৭৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য ঃ-

১। জেলা প্রশাসক,পিরোজপুর ।
২। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,পিরোজপুর ।
৩। উপজেলা---------------------- অফিসার, পিরোজপুর সদর, পিরোজপুর ।
৪। জনাব.....................................
৫ অফিস কপি ।

06.10.25
( মোঃ শওকত হোসেন)
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
পিরোজপুর সদর, পিরোজপুর ।



CamScanner

## উপজেলা কৃষি প্রনোদনা রবি উফশী ও হাইব্রিড শাক সবজি /২০২৫-২৬ মৌসুমের কমিটির সভার রেজুলেশন

সভাপতিঃ এসএম আল আমিন
উপজেলা নির্বাহী অফিসার(ভাঃপ্রাঃ)
পিরোজপুর সদর,পিরোজপুর ।

স্থানঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পিরোজপুর সদর , পিরোজপুর ।
তারিখঃ ০৬/১০/২০২৫ খ্রিঃ
সময়ঃ বেলা ১২.০০ ঘটিকা
উপস্থিতি ঃ পরিশিষ্ট" ক "
আলোচ্য বিষয়ঃ
১। রবি মৌসুমে রবি ২০২৫-২৬ অর্থ বছরে উফশী ও হাইব্রিড জাতের শাক সবজি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষি পূনর্বাসন কর্মসূচির বাস্তবায়নের নীতিমালা অনুযায়ী লক্ষ্যমাত্রা ও অগ্রাধিকার তালিকা প্রনয়ন ।
২। রাসায়নিক সার, বীজ ক্রয় ও পরিবহন ।
৩। বিবিধ আলোচনা ।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন ।

সভার প্রারম্ভে সভায় জনাব মোঃ শওকত হোসেন , উপজেলা কৃষি অফিসার , পিরোজপুর সদর , পিরোজপুর ও সদস্য সচিব উপজেলা কৃষি পূনর্বাসন ও বাস্তবায়ন কমিটি জানান যে, রবি/২০২৫-২৬ মৌসুমে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের শাকসসবজি লাউ,বেগুন,মিষ্টিকুমড়া,শমা, মিশ্র সবজি , চাষের জন্য বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার এবং ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের রবি/২০২৫-২৬ নীতিমালা জেলা কৃষি পূনর্বাসন কমিটির ২১/০৯/২৫ তারিখের সভার কার্য বিবরনী পাঠ করে শুনান এবং কর্মসূচি বাস্তবায়ন সম্পর্কে বিভিন্ন দিক নির্দেশনামূলক আলোচনা করেন ।

### সভায় কর্মসূচি বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা পূর্বক নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয় ।

১। <u>ইউনিয়ন ওয়ারী বিভাজন ও অগ্রাধিকার তালিকা তৈরী ঃ</u>

সভায় সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার জনাব মোঃ শওকত হোসেন জানান যে, জেলা কৃষি পূনর্বাসন কমিটির ২১/০৯/২৫ খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক ৪৮০ জন কৃষক,কৃষানীদের রবি/২০২৫-২৬ সনের প্রনোদনার বরাদ্দ পাওয়া গিয়াছে , সে মোতাবেক পিরোজপুর সদর উপজেলায় লাউ ৫০,বেগুন ৯০ জন,মিষ্টিকুড়া ৮০ জন,শশা ৯০ জন, মিশ্র সবজি ১৭০ জন মোট ৪৮০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষককের কৃষি প্রনোদনার জন্য বরাদ্দ পাওয়া গিয়াছে। মিশ্র সবজী ১৭০ জন সুধু বীজ সহায়তা পাবে।১(প্যাকেটে ৭ প্রকার সবজি বীজ আলাদা আলাদা প্যাকেটে) বেগুন বীজ-৮ গ্রাঃ,পালং শাক-১০০গ্রাঃ,লাল শাক ১৪২,মটরশুটি-২০গ্রাঃ,লাউ-৩০, মুলা-১০০গ্রাঃ,ডাটি শাক-১০০গ্রাঃ । বিগত বছরের আবাদ এবং আবাদের সম্ভাবনার নিরিখে ইউনিয়ন ওয়ারী প্রনোদনা কর্মসূচির নিম্নরূপ বিভাজন উপস্থাপন করা হয় ।

| ক্রঃ নং | ইউনিয়ন/পৌরসভার নাম | কৃষক সংখ্যা (জন) | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | লাউ | বেগুন | মিষ্টি কুমড়া | শশা | মিশ্র সবজি | মোট | |
| ১ | শিকদারমল্লিক | ৫ | ১০ | ১০ | ১৫ | ২০ | ৬০ | প্রতি জন কৃষক ১ প্যাকেট সবজি বীজ ১০ কেজি ডিএপি সার,১০কেজি এমওপি সার সহায়তা পাবে । মিশ্র সবজী সুধু বীজ সহায়তা পাবে। |
| ২ | কদমতলা | ১০ | ১৫ | ১৫ | ১০ | ২৫ | ৭৫ | |
| ৩ | দূর্গাপুর | ৫ | ১০ | ১০ | ১০ | ২৫ | ৬০ | |
| ৪ | কলাখালী | ৫ | ১০ | ১০ | ১০ | ২০ | ৫৫ | |
| ৫ | টোনা | ৫ | ১০ | ৫ | ১০ | ১৫ | ৪৫ | |
| ৬ | শারিকতলা | ৫ | ১০ | ১০ | ১০ | ২০ | ৫৫ | |
| ৭ | শংকরপাশা | ৫ | ১০ | ১০ | ১০ | ২০ | ৫৫ | |
| ৮ | পৌরসভা | ১০ | ১৫ | ১০ | ১৫ | ২৫ | ৭৫ | |
| সর্বমোট | | ৫০ | ৯০ | ৮০ | ৯০ | ১৭০ | ৪৮০ | |

উপসহকারী কৃষি কর্মকর্তাবৃন্দ ইউনিয়ন/ব্লক ওয়ারী বিভাজন মোতাবেক সংশ্লিষ্ট ইউনিয়নে/ব্লকের যাচাই বাছাই পূর্বক কৃষকের তালিকা প্রস্তুত করবেন ।
সিদ্ধান্তঃ সংশ্লিস্ট ইউনিয়নের উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ অগ্রাধিকার তালিকা অগামী ২৫/১০/২৫ তারিখের মধ্যে উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিবের নিকট দাখিল করিবেন ।
বাস্তবায়নে ঃ উপজেলা কৃষি পূনর্বাসন ও বাস্তবায়ন কমিটি ।



CamScanner

২। লাউ ,বেগুন ,মিষ্টিকুড়া ,শশা , মিশ্র সবজি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষি পূনর্বাসন বাস্তবায়ন নীতিমালা ঃ

সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার জনাব মোঃ শওকত হোসেন কৃষি পূনর্বাসন বাস্তবায়ন নীতিমালার বিভিন্ন দিক তুলে ধরেন , নীতিমালা অনুযায়ী উপজেলায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে প্রতি জন কৃষককে লাউ চাষে ৫০ জন কৃষককে জন প্রতি ২০০গ্রাম (১ প্যাকেট) লাউ বীজ ১০ কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার, বেগুন চাষের জন্য ৯০ জন কৃষককে জন প্রতি ৪০গ্রাম ১ প্যাকেট বেগুন বীজ ১০ কেজি ডিএপি সার ১০ কেজি এমওপি সার , মিষ্টি কুমড়া চাষের জন্য ৮০ জন কৃষককে জন প্রতি ৬০গ্রাম ১ প্যাকেট মিঃ কুমড়া বীজ ১০ কেজি ডিএপি সার ১০ কেজি এমওপি সার , শশা চাষের জন্য ৯০ জন কৃষককে জন প্রতি ৪০ গ্রাম ১ প্যাকেট শশা বীজ ১০ কেজি ডিএপি সার ১০ কেজি এমওপি সার, বিতরন করা হবে এবং মিশ্র সবজি ১৭০ জন কৃষককে ৭ প্রকারের সবজি বীজ ১ (এক ) প্যাকেটে আলাদা অলাদা করে প্রদান করা হবে, বেগুন,পালং শাক,লাল শাক,মটরশুটি,লাউ , মুলা ,ডাটি শাক, কোন রাসায়নিক সার প্রদান করা হবে না সুধু মাত্র বীজ সহায়তা প্রদান করা হবে । প্রতি ৫ জন কৃষকের ১টি গ্রুপ করা হবে এবং প্রতিজন কৃষককে স্ট্যাম্প সাইজের ১ কপি ছবি,মোবাইল নম্বর ,এনআইডি কার্ড/ কৃষি উপকরণ কার্ড অবশ্যই সাথে আনতে হবে ।

সিদ্ধান্তঃ কৃষি পূনর্বাসন ও বাস্তবায়নের নীতিমালা অনুযায়ী কর্মসূচী বাস্তবায়ন করা হবে । ইউনিয়ন ওয়ারী প্রতিটি ফসলের জন্য ৫ জন কৃষকের গ্রুপ করা হবে।

বাস্তবায়নে ঃ উপজেলা কৃষি পূনর্বাসন ও বাস্তবায়ন কমিটি ।

৩। বীজ ও সার ক্রয় ঃ সভায় উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব জানান যে , প্রয়োজনীয় শাক সবজী বীজ (হাইব্রিড বীজ ) বিএডিসি (বীজ) বরিশাল থেকে / যে কোন প্রতিষ্ঠিত বীজ ব্যবসায়ী সরকারী বিধি মোতাবেক ক্রয় করা যাবে এবং রাসায়নিক সার বিএডিসি (সার), এবং বাফার গুদাম থেকে সরকারী নির্ধারিত মূল্যে সরবরাহ পাওয়া যারে । বীজ ক্রয় করিতে নিম্নরুপ যাচাই কমিটি ও ক্রয় কমিটির প্রস্তাব করা হলো ।

দরপত্র / কোটেশন কমিটি

১। উপজেলা কৃষি অফিসার
২। উপজেলা প্রানিসম্পদ অফিসার
৩। উপলো মৎস্য অফিসার

বীজ বিএডিসি বীজ অফিস থেকে সরবরাহ না পাওয়া গেলে বীজ অঙ্কুরোদগম কমিটি গঠন করা যাইতে পারে ।কৃষক চাহিদা অনুযায়ীপ্রচলিত ও প্রতিষ্ঠিত কোম্পানী/ বীজ ব্যবসায়ীর নিকট থেকে কোটেশন আহবান করা যাইতে পারে ।

অংকুরোদগম কমিটি নিম্নরূপঃ

১। উপজেলা কৃষি অফিসার - আহবায়ক
২। উপলো মৎস্য অফিসার -সদস্য
৩। উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসার - সদস্য

সিদ্ধান্ত ঃ রাসায়নিক সার বরিশাল বাফার গোডাউন ও বিএডিসি ( সার ) গোডাউন বরিশাল থেকে সরবরাহ পাওয়া যাইবে বিধায় সার পরীক্ষা কমিটি প্রয়োজন নাই ।

বাস্তবায়নে ঃ উপজেলা কৃষি পূনর্বাসন ও বাস্তবায়ন কমিটি ।

৪। বীজ ও রাসায়নিক সার পরিবহণ ঃ

সভায় সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার জনাব মোঃ শওকত হোসেন জানান যে, কৃষি পূনর্বাসন কর্মসূচির রাসায়নিক সার বিএডিসি বাফার গোডাউন ও কাফকো বাফার গোডাউন বরিশাল থেকে সরকার নির্ধারিত মূল্যে ক্রয় করার প্রয়োজন হবে এবং বীজ বিএডিসি (বীজ) বরিশাল হতে সরকারী মূল্যে ক্রয় করা হবে বিধায় সেখান থেকে বীজ ও রাসায়নিক সার পরিবহনের প্রয়োজন হবে সে ক্ষেত্রে পরিবহন ঠিকাদার নিয়োগ করা প্রয়োজন হতে পারে বিধায় কোটেশন যাচাইয়ের জন্য নিরুপ যাচাই কমিটির প্রস্তাব করা হলো ।

দরপত্র / কোটেশন যাচাই কমিটি ঃ

১। উপজেলা কৃষি অফিসার - আহবায়ক
২। উপজেলা প্রানি সম্পদ অফিসার - সদস্য ।
৩। উপলো মৎস্য অফিসার -সদস্য

সিদ্ধান্তঃ কোটেশনের নিমিত্ত জরুরী ভিত্তিতে বীজ, রাসায়নিক সার বরিশাল থেকে আনা যেতে পারে ।

বাস্তবায়নে ঃ উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব উপজেলা কৃষি পূনর্বাসন ও বাস্তবায়ন কমিটি ।

উল্লেখ্য যে, বিসিআইসি সার ডিলারের মাধ্যমে কোটেশন আহবান করা যহিতে পারে ।



CamScanner

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

০৬.১০.২৫
(এস,এম.আল-আমীন )
উপজেলা নির্বাহী অফিসার(ভাঃপ্রাঃ)
ও
সভাপতি
উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি
পিরোজপুর সদর, পিরোজপুর।
তারিখ ঃ ০৬/১০/২০২৫ খ্রিঃ

স্মারক নং- ১২.১৮.৭৯৮০.০৪১.৩৮.০৩০.১৩/ ৬৭৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য ঃ-

১। জেলা প্রশাসক,পিরোজপুর ।
২। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,পিরোজপুর ।
৩। উপজেলা----------------------- অফিসার, পিরোজপুর সদর, পিরোজপুর ।
৪। জনাব....................................
৫ অফিস কপি ।

06.10.25
(মোঃ শওকত হোসেন)
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি পূনর্বাসন বাস্তবায়ন কমিটি
পিরোজপুর সদর, পিরোজপুর ।



CamScanner